



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি বি এল কলেজ, খুলনা  
ওয়েব সাইট: www.blcollege.edu.bd

দূরলাপনী : অফিস ৭৬২৯৪৪  
ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০



**২০১৬ সালের ৩য় বর্ষ অনার্স (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ) নিয়মিত পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি**

বিঃ দ্রঃ ইনকোর্স পরীক্ষা ছাড়া কোন পরীক্ষার্থী পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে না।

৩য় বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের

ওয়েব সাইট [www.nu.edu.bd](http://www.nu.edu.bd) / [www.nubd.info/honours](http://www.nubd.info/honours) এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে।

পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং বিশ্ববিদ্যালয়ের ফি উল্লেখ থাকবে।

আবেদন ফরম জমার পূর্বের দিন স্ব স্ব বিভাগ হতে স্বাক্ষর করে নিতে হবে।

**আবেদন ফরম জমার তারিখ :**

অনার্স বিষয়	জমাদানের তারিখ	অনার্স বিষয়	জমাদানের তারিখ
বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, পদার্থ, রসায়ন	২২.০১.২০১৭ (১০ হতে ১২টা ও ২টা হতে ৩টা পর্যন্ত)	অর্থনীতি, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, উদ্ভিদ, প্রাণি	২৩.০১.২০১৭ (১০ হতে ১২টা ও ২টা হতে ৩টা পর্যন্ত)
হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স, গণিত	২৪.০১.২০১৭ (১০ হতে ১২টা ও ২টা হতে ৩টা পর্যন্ত)		

নিয়মিত পরীক্ষার্থীদের ফিসাদি (কলেজের অংশ+আবেদন ফরমে উল্লিখিত টাকা একত্রে জমা দিতে হবে) :

বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স = ২৪০৫/- (কলেজের অংশ), পদার্থবিদ্যা, উদ্ভিদ, প্রাণি ও গণিত = ২৪৮৫/- (কলেজের অংশ), রসায়ন = ২৬১৫/- (কলেজের অংশ)।

বিঃ দ্রঃ শিক্ষা সফর ফি বাবদ ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ৫০/= টাকা হারে স্ব স্ব বিভাগ গ্রহণ করবেন।

**নিয়মিত পরীক্ষার্থীদের যোগ্যতা :**

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে এবং ৩য় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েব সাইটে দেয়া আছে। কেবলমাত্র সেসকল শিক্ষার্থীরা ২০১৬ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

**পাঠ্যসূচি :** সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

**তৃতীয় বর্ষ থেকে ৪র্থ বর্ষে প্রমোশনের নূন্যতম যোগ্যতাঃ**

- (ক) ৩য় বর্ষ থেকে ৪র্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে কমপক্ষে ৪টি তৃতীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।  
(খ) ১টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional Promoted হবে। (গ) একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না তার ফলাফল Not Promoted হবে।  
(ঘ) Not Promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর অনুপস্থিত পত্র ও F গ্রেড পাওয়া কোর্সে/কোর্সসমূহে পরীক্ষা দিবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

**পরীক্ষার আবেদন ফরম পূরণের নিয়মাবলী :**

- (ক) আবেদন ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা বিভাগীয় প্রধান অবশ্যই যাচাই করে আবেদন ফরমে স্বাক্ষর করবেন।  
(খ) আবেদন ফরম- এ বিভাগীয় প্রধানের স্বাক্ষরের পর ০১ সেট ফটোকপি এবং পাসপোর্ট সাইজের একটি ছবি স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। নিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে।  
(ঘ) ১ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগাতে হবে।

স্ব স্ব বিভাগ কলেজ অফিসে জমাকৃত পরীক্ষার আবেদন ফরম আগামী ২৮.০১.২০১৭ তারিখে গ্রহণ করে অনলাইনে ডাটা এন্ট্রি করে তা ৩০.০১.২০১৭ খ্রি. তারিখের কলেজ অফিসে পুনরায় জমা দেয়ার ব্যবস্থা করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল। অনলাইন বিবরণী অনুযায়ী আবেদন ফরম সাজিয়ে ০১ সেট বিবরণী বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে কলেজ অফিসে জমা দিতে হবে। অনলাইনে পরীক্ষার আবেদন ফরম ডাটা এন্ট্রি করার সময় কোন প্রকার সমস্যায় পড়লে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৩য় বর্ষ অনার্স শাখায় যোগাযোগ করতে অনুরোধ করা হল। বিঃ দ্রঃ বেতন মওকুপের তালিকা আগামী ১৮.০১.২০১৭ খ্রি. তারিখের মধ্যে কলেজের ক্যাশ শাখায় জমা দিতে হবে (পূর্ণ বেতন মওকুপ ৫% এবং অর্ধ বেতন মওকুপ ১০%, ১২ মাস অথবা ৬মাস ছাড়া মওকুপ করা যাবে না)।

ফরম পূরণের এই বিজ্ঞপ্তি কলেজ ওয়েব সাইট [www.blcollege.edu.bd](http://www.blcollege.edu.bd) তে পাওয়া যাবে।

(প্রফেসর গুলশান আরা বেগম)

অধ্যক্ষ

সরকারি, বি এল কলেজ, খুলনা